বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।

ফোন ঃ +৮৮০২২২৩৩৮৩১৬৫:
ই-মেইল ঃ
dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২৩-২০২৪/ ৮৫৬

তারিখঃ ০৮-০৪-২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**ই-মেইলযোগে**

**বিষয়ঃ আগামী ১৫ এপ্রিল হতে ২৪ এপ্রিল, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ এবং ২৪ এপ্রিল, ২০২৪ খ্রিঃ তারিখে সকল শাখায় একযোগে 'শুভ হালখাতা' অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।**

মহোদয়

শিরোনামের বিষয়ে ঋণ আদায় বিভাগের গত ২৮/০৮/২০২৩ তারিখের পত্র নং ১৪৬ এর মাধ্যমে প্রণীত "বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার"এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নির্ধারিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আগামী **১৫ এপ্রিল হতে ২৪ এপ্রিল, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত আমানত সংগ্রহ ও পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ এবং** আগামী **২৪ এপ্রিল, ২০২৪ খ্রিঃ তারিখে ব্যাংকের সকল শাখায় একযোগে ''শুভ হালখাতা''** অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করেছেন।

০৩। **১৫ এপ্রিল হতে ২৪ এপ্রিল, ২০২৪ খ্রিঃ পর্যন্ত বিশেষ কর্মসূচী গ্রহণ এবং** আগামী **২৪ এপ্রিল, ২০২৪ খ্রিঃ তারিখের ''শুভ হালখাতা'' উপলক্ষে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে ঋণ আদায়, বিতরণ এবং আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারণ করে দেয়া হলো।** বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কার্যালয়সমূহের মধ্যে এই লক্ষ্যমাত্রা আগামী ০৮-০৪-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে বন্টন নিশ্চিত করবেন।

**০৪। কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ**

(ক) **'শুভ হালখাতা'** অনুষ্ঠান সফল করার লক্ষ্যে শ্রেণীকৃত ও পুনঃতফসিলকৃত ঋণ গ্রহীতাগণকে অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে ও শাখাকে রঙ্গিন পোস্টার/ ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টিসহ শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে এবং ব্যাংকের সেবাসমূহের প্রচারণামূলক কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে;

(খ) প্রতিটি শাখায় দর্শনীয় স্থানে উপরোক্ত শুভ হালখাতা অনুষ্ঠান আয়োজন সম্বলিত ৬ ফুট × ২১/২ ফুট মাপের ব্যানার টানাতে হবে। হালখাতার নোটিশ স্থানীয় মুখ্য কার্যালয় এবং কর্পোরেট শাখা সমুহ নিজ উদ্যেগে তৈরী/মূদ্রণ এবং শাখা সমুহের ব্যানার ও নোটিশ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক সরবরাহ করতে হবে;

(গ) উক্ত কর্মসূচীতে স্থানীয় প্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাগণকে, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে।

০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ **'শুভ হালখাতা'** অর্জন সংক্রান্ত সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ২৪-০৪-২০২৪ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে **ই-মেইলযোগে** ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৬। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক **'শুভ হালখাতা'** কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

০৮.০৪.২০২৪
(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২৩-২০২৪/ ৮৫৬ (৭)

তারিখ ঃ ০৮-০৪-২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সকল প্রমোটর, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
**০৫। উপমহাব্যবস্থাপক, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগকে ব্যাংকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী "শুভ হালখাতা" অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে শাখা প্রতি ব্যয় বাবদ গড়ে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে সংশ্লিষ্ট কার্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রদান করার জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা সমূহের সম্ভাব্যতা বিবেচনা করে বরাদ্দ পূণঃবন্টন করতে পারবেন।**
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বিকেবি।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বিকেবি।

০৮/০৪/২০২৪
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

**বিষয়ঃ আগামী ২৪-০৪-২০২৪ ইং তারিখে অনুষ্ঠেয় '' শুভ হালখাতা " অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদ আদায়ের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | বৈদেশিক রেমিট্যান্স প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণীকৃত ঋণ | শ্রেণীযোগ্য-২ ঋণ(নিয়মিত) | শ্রেণীযোগ্য-২ ঋণ(পুনঃতফসিল) | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২(৫-১১) | ১৩ | ১৪ | ১৫ |
| ১ | ঢাকা | ৩৫০.০০ | ৩৫০.০০ | ১২০.০০ | ৭০.০০ | ৩২.০০ | ৬০.০০ | ২০.০০ | ৩০২.০০ | ২৫.০০ | ৬.২০ | ২০.০০ |
| ২ | ময়মনসিংহ | ১০.০০ | ১০০.০০ | ২০.০০ | ৬০.০০ | ১৫.০০ | ১০০.০০ | ৪০.০০ | ২৩৫.০০ | ১২.০০ | ০.৮০ | ১০.০০ |
| ৩ | চট্টগ্রাম | ২০০.০০ | ২০০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০.০০ | ১০.০০ | ৫.০০ | ১২৫.০০ | ৮.০০ | ২.৫০ | ১০.০০ |
| ৪ | খুলনা | ৩৫.০০ | ২০০.০০ | ১৫.০০ | ১১৫.০০ | ২০.০০ | ৫.০০ | ৫.০০ | ১৬০.০০ | ৩.০০ | ২.২০ | ১০.০০ |
| ৫ | বরিশাল | ৬০.০০ | ১০০.০০ | ৫.০০ | ৩০.০০ | ২৯.০০ | ৫০.০০ | ২০.০০ | ১৩৪.০০ | ৮.০০ | ০.৭০ | ১০.০০ |
| ৬ | সিলেট | ৬০.০০ | ৮০.০০ | ৫.০০ | ৪০.০০ | ১৫.০০ | ২৫.০০ | ৭.০০ | ৯২.০০ | ৪.০০ | ০.৬০ | ১৩.০০ |
| ৭ | কুমিল্লা | ১৫০.০০ | ২০০.০০ | ২০.০০ | ৪৫.০০ | ২২.০০ | ৪০.০০ | ২০.০০ | ১৪৭.০০ | ১৫.০০ | ১.১০ | ২০.০০ |
| ৮ | ফরিদপুর | ৪৫.০০ | ১৬০.০০ | ৫.০০ | ৬০.০০ | ১৫.০০ | ৩০.০০ | ১০.০০ | ১২০.০০ | ৫.০০ | ০.৩০ | ১২.০০ |
| ৯ | কুষ্টিয়া | ৭৫.০০ | ১৫০.০০ | ১০.০০ | ৪০.০০ | ২.০০ | ১০.০০ | ৩.০০ | ৬৫.০০ | ৪.০০ | ০.২০ | ১০.০০ |
| ১০ | এলপিও | ৩৬৫.০০ | ২৬০.০০ | ৫০.০০ | ২০.০০ | ১৫০.০০ | ০.০০ | ০.০০ | ২২০.০০ | ৪৬.০০ | ০.৪০ | ১০.০০ |
| সর্বমোট ঃ | | ১৩৫০.০০ | ১৮০০.০০ | ৩০০.০০ | ৫৩০.০০ | ৩১০.০০ | ৩৩০.০০ | ১৩০.০০ | ১৬০০.০০ | ১৩০.০০ | ১৫.০০ | ১২৫.০০ |

(লোকমান হোসেন)
মুখ্য কর্মকর্তা

(মুসলিমা জাহান)
সহকারী মহাব্যবস্থাপক